# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৭৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - যে বিতর সালাত পড়েনা তার বিধান

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ, عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «الْوِتْرُ حَقٌّ, فَمَنْ لَمْ يُوتِرْ فَلَيْسَ مِنَّا». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ بِسَنَدٍ لَيِّنٍ, وَصَحَّحَهُ الْحَاكِمُ

ضعيف. رواه أبو داود (1419)، والحاكم (1/ 305 ـ 306)

বাংলা

৩৭৪. 'আবদুল্লাহ বিন বুরাইদাহ হতে বর্ণিত। তিনি তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- বিতর সালাত জরুরী বা অবধারিত। অতএব যে তা আদায় না করবে সে আমাদের অন্তর্ভুক্ত নয় (অর্থাৎ আমাদের অনুসারী নয়)। আবূ দাউদ দুর্বল সানাদে; হাকিম একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ১৪১৯, আহমাদ ২২৫১০। আলবানী আত তারগীব ৩৪০, তাখরীজ মিশকাত ১২৩০ গ্রন্থদ্বয়ে হাদীস টিকে দুর্বল বলেছেন। মুনযিরী বলেন, এর সানাদে ওবাইদুল্লাহ বিন আব্দুল্লাহ আবূল মুনীর রয়েছে। ইমাম যাহাবী তানকীহুত তাহকীক (১/২১১) গ্রন্থে তাকে লীন হিসেবে উল্লেখ করেছেন। ফাতহুল বারী ২/৫৬৫ গ্রন্থে ইবনু হাজার উক্ত রাবীকে দুর্বল আখ্যায়িত করেছেন। পক্ষান্তরে উমদাতুল কারী শরহে সহীহুল বুখারী ৭/১৬ গ্রন্থে আল্লামা আয়নী জামেউস স্বগীর (৯৬৬৩) গ্রন্থে ইমাম সুয়ূতী হাদীস টিকে সহীহ বলেছেন। সুনানুল কুবরা (২/৪৭০) গ্রন্থে ইমাম বায়হাক্বী বলেন ইবনে মুয়ীন ওবাইদুল্লাহকে বিশ্বস্থ হিসেবে অবহিত করেছেন। ইমাম বুখারী বলেন সে মুনকার হাদীস বর্ননা কারী। ইবনু আদী বলেন তার মধ্যে কোন সমস্যা নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন